

বিষয়: Mid-Career Training Programme on Field Administration for Civil Servants of Bangladesh
শীর্ষক প্রশিক্ষণের ৩০তম ব্যাচের জন্য কর্মকর্তা মনোনয়ন।


উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Mid-Career Training Programme on Field Administration for Civil Servants of Bangladesh এর ৩০তম ব্যাচের প্রশিক্ষণ আগামী ২৮/০৯/২০১৬ হতে ১০/১০/২০১৬ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে NCGG, India তে অনুষ্ঠিত হবে।

২। উক্ত ব্যাচের প্রশিক্ষণে নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক সুনির্দিষ্ট কর্মকর্তাগণের মনোনয়ন প্রস্তাব আগামী ২২/০৯/২০১৬ তারিখের মধ্যে সংযুক্ত ছকে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

বিভাগের নাম	কর্মকর্তার পদবী	সংখ্যা
ঢাকা	উপপরিচালক, স্থানীয় সরকার/জেলা পরিষদের	৮
চট্টগ্রাম	সচিব/পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/	১১
রাজশাহী	অতিরিক্ত জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার	৫
খুলনা		৫
বরিশাল		৪
সিলেট		৩
রংপুর		৪
ময়মনসিংহ		৪

- ৩। মনোনয়নের ক্ষেত্রে কর্মদক্ষতা ও জ্যেষ্ঠতা বিবেচনা করতে হবে এবং দুর্গম এলাকায় কর্মরত কর্মকর্তাগণকে অগ্রাধিকার দিতে হবে।
- ৪। মনোনীত কর্মকর্তাবৃন্দের কমপক্ষে ৬ মাস মেয়াদ (মে ২০১৭ পর্যন্ত) সম্পন্ন মেশিন রিভেভল অফিসিয়াল পাসপোর্ট থাকতে হবে।
- ৫। ইতিপূর্বে যে কোন পর্যায়ে যারা এ কোর্সে অংশগ্রহণ করেছেন তাদের ব্যতীত কর্মকর্তা মনোনয়ন দেয়া যাবে।
- ৬। অনাগ্রহী কর্মকর্তা বা পদ হতে প্রত্যাহারের আদেশপ্রাপ্ত কর্মকর্তাদের মনোনয়ন দেয়া যাবে না।
- ৭। যথাযথ সংখ্যক প্রশিক্ষণার্থীর অংশগ্রহণের নিমিত্ত মনোনয়ন প্রদানের ক্ষেত্রে নবযোগদানকৃত কর্মকর্তাদের বিবেচনা করা যাবে।
- ৮। প্রতি সেট আবেদন ফরমের হার্ড-কপির সাথে ১ কপি জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ১ কপি অফিসিয়াল পাসপোর্টের ফটোকপি এবং সর্বশেষ অর্জিত শিক্ষাগত সনদের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৯। আবেদনকারীদের অনলাইনে আবেদন করতে হবে। অন-লাইনে পূরণকৃত আবেদনের হার্ড কপিতে নির্ধারিত স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে।
- ১০। আবেদনপত্র অনলাইনে প্রেরণের পর তার হার্ডকপি প্রিন্ট করতে হবে। অতঃপর অনলাইন আবেদনের সঙ্গে সংযুক্ত চিকিৎসা সনদের অনুরূপ সনদ চিকিৎসক দ্বারা (ইংরেজি সীলসহ) পূরণ করতে হবে। অনলাইনে প্রেরিত আবেদনের প্রিন্ট কপি ও চিকিৎসা সনদের হার্ডকপিসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- ১১। কোন কর্মকর্তা অনলাইনে আবেদন করতে ব্যর্থ হলে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না।
- ১২। মনোনীত কর্মকর্তাবৃন্দের অনলাইনে পূরণকৃত আবেদনপত্র প্রাপ্তির পর মন্ত্রণালয় থেকে মনোনয়ন চূড়ান্ত করা হবে।
- ১৩। মনোনীত কর্মকর্তাবৃন্দের যথাযথভাবে অনলাইনে আবেদনকৃত ফরমের ৩ সেট আবেদনের হার্ড কপি ও অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্রসহ আগামী ২২/০৯/২০১৬ তারিখের মধ্যে সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ অধিশাখায় (ভবন নং-২, ২য় তলা, কক্ষ নং-১০৯) অবশ্যই পৌঁছাতে হবে। এ বিষয়ে মনোনীত কর্মকর্তাবৃন্দকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ১৪। উক্ত ব্যাচের জন্য মনোনীত কর্মকর্তাগণের অন-লাইনে আবেদন ফরম পূরণের জন্য বিস্তারিত নির্দেশনা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্ত: নির্ধারিত ছক ১ ফর্দ ও নির্দেশনা ১ ফর্দ।


(ড. আবদুল হামিদ)
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৪২৬
sasft.mopa@gmail.com

বিভাগীয় কমিশনার

ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/ রংপুর/ খুলনা/ সিলেট/ বরিশাল/ময়মনসিংহ বিভাগ।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক,.....(সকল)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৬। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।


ছক

ভারতে অনুষ্ঠিত Mid-Career Training for Field Administration of Bangladesh Civil Servants শীর্ষক প্রশিক্ষণের ৩০তম ব্যাচে -----বিভাগ হতে মনোনীত কর্মকর্তার তালিকা

ক্রমিক নং	মনোনীত কর্মকর্তার নাম (বাংলা ও ইংরেজীতে) ও পরিচিতি নং	পদবী, বর্তমান কর্মস্থল ও ব্যাচ নং	জন্ম তারিখ ও বয়স (সেপ্টেম্বর ২০১৬)	মোবাইল নম্বর	ই-মেইল এড্রেস	অফিসিয়াল মেশিন রিডেবল পাসপোর্ট নম্বর, ইস্যু ও মেয়াদ উত্তীর্ণের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭

৩০

How to fill online application for Mid Career training Programme in India – 30th Batch



বিশেষ দৃষ্টব্য:

- আবেদনের সময় যদি পাসপোর্ট নবায়ন না থাকে সে ক্ষেত্রে পাসপোর্ট তথ্য ব্যতিত আগে অনলাইন আবেদন শেষ করে তা সাবমিট ও প্রিন্ট করে প্রেরণ করতে হবে (কারণ পাসপোর্ট তথ্য ছাড়াও অনলাইন আবেদন পূরণ করা যায়)।
- অনলাইন আবেদন ফরম পূরণের ক্ষেত্রে বিগত ০৫ বছরের পোস্টিং এর তথ্য আবশ্যই উল্লেখ করতে হবে।

Note: In case of online applying if you found in the website that the application procedure is “Not Yet Open”, please wait and retry by clicking “Click Here” icon aside.

m